অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/4/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল প্রাণী আশ্রয়কেন্দ্রের উন্নয়নে 3.8 মিলিয়ন ডলারের পুরস্কার প্রদান করলেন

প্রাণীদের যত্ন ও স্বাস্থ্য উন্নত করে এমন নিউ ইয়র্কের প্রাণী আশ্রয়কেন্দ্রসমূহে নির্মাণ, সংস্কার, এবং সম্প্রসারণ প্রকল্পসমূহকে তহবিলটি সমর্থন করবে

2017 সাল থেকে স্টেটের সহচর প্রাণী মূলধন তহবিলে 33 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হয়েছে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক স্টেটের সহচর প্রাণী মূলধন তহবিলের (New York State Companion Animal Capital Fund) ষষ্ঠ রাউন্ডের মাধ্যমে রাজ্য জুড়ে দশটি প্রাণীদের পরিচর্যা সংক্রান্ত সংস্থাকে প্রায় 3.8 মিলিয়ন ডলার পুরস্কৃত করা হয়েছে। প্রাণীদের যত্ন ও স্বাস্থ্য উন্নত করে এমন নির্মাণ, সংস্কার, এবং সম্প্রসারণ প্রকল্পসমূহকে তহবিলটি সমর্থন করবে এবং নিউ ইয়র্কের কুকুর ও বিড়ালদের দত্তক নিশ্চিত করতে সাহায্য করবে। প্রাণী আশ্রয়কেন্দ্রের জন্য মূলধন প্রকল্পের অর্থায়ন করা দেশের প্রথম স্টেট হিসেবে, নিউ ইয়র্ক স্টেট দত্তকের জন্য আশ্রয়কেন্দ্রে অপেক্ষারত কুকুর ও বিড়ালদের জন্য নিরাপদ আবাসন ও পরিচর্যা পেতে এর প্রতিশ্রুতি প্রদর্শন করা অব্যাহত রেখেছে।

"নিউ ইয়র্ক স্টেটের সহচর প্রাণী মূলধন তহবিল স্টেট জুড়ে আমাদের আশ্রয়কেন্দ্র এবং মানবিক সমাজগুলির জন্য সত্যিকারের পার্থক্য তৈরি করা চালিয়ে যাচ্ছে," **গভর্নর হোকল বলেন।** "এই তহবিলটি এই গুরুত্বপূর্ণ ফ্যাসিলিটিগুলিকে তাদের প্রাণীদের পরিচর্যার মান উন্নত করার জন্য প্রয়োজনীয় সরঞ্জামগুলি দিয়ে ভালভাবে আরও প্রস্তুত করবে কারণ তারা একটি স্থায়ী, প্রেমময় বাড়ির জন্য অপেক্ষারত।"

2017 সালে কৃষি ও বাজার বিভাগ (Department of Agriculture and Markets) পরিচালিত সহচর প্রাণী মূলধন তহবিল শুরু হওয়ার পর থেকে স্টেট কর্মসূচিটিতে 33 মিলিয়ন ডলার প্রদান করেছে। নিউ ইয়র্ক স্টেটের প্রাণী আশ্রয়কেন্দ্রসমূহের পরিচালিত মূলধন প্রকল্পসমূহ, যেমন কুকুরের ঘরের সংস্কার, চিকিৎসগত সুযোগসুবিধা উন্নত করা, বা সার্বিক পরিচালনার ব্যয় হ্রাস করার জন্য আরো কার্যকর আশ্রয়কেন্দ্র গঠন করার সাথে সংশ্লিষ্ট ব্যয়পূরণের জন্য পূর্বের উদ্যোগসমূহের উপর ভিত্তি করে এই রাউন্ডের অর্থায়নের পুরস্কার দেওয়া হয়েছে। এই বছর

অর্থায়িত প্রকল্পসমূহের মধ্যে রয়েছে কুকুর ও বিড়ালের জন্য নতুন থাকার স্থানগুলি, উন্নত পরিকাঠামো, এবং উন্নত বহিরঙ্গন স্থানসমূহ।

প্রয়োজন যাচাই করে, প্রকল্পের বিস্তারিত বর্ণনা, এবং ব্যয়ের যুক্তিসঙ্গতার উপর ভিত্তি করে প্রতিযোগিতামূলক অনুদান প্রদান করা হয়েছে। কর্মসূচির এই রাউন্ডে নিম্নলিখিত সংস্থাগুলি একটি পুরস্কার পাচ্ছে:

- **শেনেকটাডির প্রাণী সুরক্ষার ফাউন্ডেশন (Animal Protective Foundation, স্কোটিয়া, শেনেকটাডি কাউন্টি)** – একটি নতুন ভর্তির প্রবেশদ্বার এবং গ্রহণ করার সুবিধা তৈরি করতে, বিচ্ছিন্নতার ওয়ার্ড এবং বিড়ালের আবাসনের এলাকা তৈরি করতে এবং একটি উন্নত HVAC সিস্টেম ইনস্টল করার জন্য 500,000 ডলার।
- **বাইডাউই (Bideawee, নিউ ইয়র্ক সিটি, নিউ ইয়র্ক কাউন্টি)** – ছাদ প্রতিস্থাপনের জন্য 200,000 ডলার।
- **চেনাঙ্গো SPCA (Chenango SPCA, নরউইচ, চেনাঙ্গো কাউন্টি)** – HVAC, সেপটিক, প্লাম্বিং এবং বৈদ্যুতিক ব্যবস্থা সহ বিচ্ছিন্নতা এবং দ্বি-পার্শ্বযুক্ত কুকুরের ঘর নির্মাণ ও ইনস্টল করার জন্য 500,000 ডলার।
- **কান্ট্রি একরস অ্যানিমেল শেল্টার (Country Acres Animal Shelter, হোমার, কর্টল্যান্ড কাউন্টি)** - গেট এবং ডিভাইডিং প্যানেল আপডেট করতে, দুটি নতুন বহু-ব্যবহারের ঘর তৈরি করতে, গরম করার এবং বৈদ্যুতিক ব্যবস্থা আপগ্রেড করতে এবং বাইরের জায়গাগুলির জন্য ছাদ তৈরি করার জন্য 289,565.37 ডলার।
- **জেফারসন কাউন্টি SPCA (Jefferson County SPCA, ওয়াটারটাউন, জেফারসন কাউন্টি)** – একটি নতুন সংযোজন নির্মাণ করতে, একটি নতুন HVAC সিস্টেম ইনস্টলেশনের জন্য, এবং আপগ্রেড করা তাপমাত্রা নিয়ন্ত্রণ এবং শব্দ নিয়ন্ত্রণ, এবং "ট্র্যাপ-এন্ড-নিউটার" ও নিম্ন-মূল্যের টিকাদানের কর্মসূচি জন্য ক্ষমতা বাড়াতে 466,292.70 ডলার।
- **প অফ অরলিন্স কাউন্টি (Paw of Orleans County, আলবিয়ন, অরলিন্স কাউন্টি)** – বিড়ালের ঘর প্রতিস্থাপন করতে, কুকুরের ঘেরগুলি আপগ্রেড করতে, HVAC ব্যবস্থা আপগ্রেড করতে এবং একটি তাপের পাম্প প্রতিস্থাপনের জন্য 51,249 ডলার।
- **পেটস অ্যালাইভ (Pets Alive, মিডলটাউন, অরেঞ্জ কাউন্টি)** – নতুন HVAC এবং কুকুরের ঘরের সরঞ্জাম, রেডিয়েন্ট ফ্লোরিং এবং অ্যাকোস্টিক্যাল সিলিংয়ের স্থাপনের জন্য 500,000 ডলার।
- **সাউদাম্পটন টাউন (সাফোক কাউন্টি)** - কুকুরের ঘরের প্রতিস্থাপন এবং উচ্চ-ক্ষমতাসম্পন্ন ইপোক্সি ফ্লোর সিস্টেমের ইনস্টলেশনের জন্য 402,608 ডলার।
- **ওয়েবস্টার টাউন (ওয়েবস্টার, মনরো কাউন্টি)** – কুকুরের ঘর এবং রুম ও স্টোরেজ, খাবার তৈরি, আবদ্ধ করার আবাসন এবং বিচ্ছিন্ন করার জায়গাগুলি সহ অন্যান্য এলাকাগুলি নির্মাণের জন্য 400,000 ডলার।
- **ট্রাই লেকস হিউমেন সোসাইটি (Tri Lakes Humane Society, সারানাক লেক, ফ্র্যাঙ্কলিন কাউন্টি)** – প্লাম্বিং আপগ্রেড, শব্দ কমানোর সিস্টেম স্থাপন, বায়ুচলাচল এবং

ক্ষতিগ্রস্ত মেঝে প্রতিস্থাপন, বিড়ালের বারান্দার উন্নতি, এবং কুকুরের ঘর সংযোজনের জন্য 500,000 ডলার।

গভর্নর হোচুলের অর্থবছর 2025-এর কার্যনির্বাহী বাজেটে এই গুরুত্বপূর্ণ কর্মসূচিকে অব্যাহত রাখার জন্য অতিরিক্ত 5 মিলিয়ন ডলার অন্তর্ভুক্ত রয়েছে।

নিউ ইয়র্ক স্টেটবয়ে কৃষি কমিশনার রিচার্ড এ. বল বলেন, "ছয় রাউন্ডের মাধ্যমে, রাজ্য জুড়ে আমাদের আশ্রয়কেন্দ্রগুলির পরিচর্যার অধীনে থাকা প্রাণীদের জীবনকে আরও ভাল করে তোলে এমন এই প্রকল্পগুলিকে সম্পূর্ণ করতে দেখা চমৎকারের বিষয়। আমি গর্বিত যে আজ ঘোষিত তহবিলটি এই কর্মসূচির মহান কাজের উপর ভিত্তি করবে, নিউ ইয়র্কের প্রাণীরা তাদের চিরকালের বাড়ির জন্য অপেক্ষা করছে তাই তাদের সুখী ও সুস্থ থাকতে সহায়তা করবে।"

নিউ ইয়র্ক স্টেটের প্রাণী সুরক্ষার ফেডেরেশনের (Animal Protection Federation) নির্বাহী পরিচালক লিবি পোস্ট বলেন, "আবারও, সহচর প্রাণী মূলধন তহবিল আমাদের আশ্রয়কেন্দ্রে বসবাসকারী গৃহহীন সহচর প্রাণীদের জীবনে গভীর প্রভাব ফেলবে। তহবিলটি তাদের জীবনযাত্রার মান উন্নত করেছে এবং এমন পরিবেশ তৈরি করেছে যেখানে পশুদের কল্যাণ সংক্রান্ত পেশাদাররা প্রতিস্থাপন করা প্রয়োজন এমন বায়ু পরিচালনার ব্যবস্থা, পুরানো এবং পড়ে যাচ্ছে এমন কুকুরের ঘর এবং ছিদ্রযুক্ত ও রোগ ছড়ানো মেঝেগুলির মতো বাধা ছাড়াই প্রাণীদের যত্ন নেওয়ার কাজ করতে পারেন। 2017 সালে যখন NYS প্রাণী সুরক্ষার ফেডেরেশন এটির প্রস্তাব করেছিল, তখন আমরা জানতাম যে নিউ ইয়র্কের প্রাণীদের আশ্রয়কেন্দ্রে অবিশ্বাস্য পরিবর্তন ঘটতে পারে— এখন তাই হয়েছে! ফেডারেশন গভর্নর হোকল এবং আমাদের আইনসভার চ্যাম্পিয়ন অ্যাসেম্বলির সদস্যা ডেবোরাহ গ্লিক এবং স্টেট সিনেটর জোসেফ অ্যাডাবোকে ধন্যবাদ জানায় এটি নিশ্চিত করতে যে এই তহবিলগুলি যাদের কণ্ঠস্বর নেই তাদের সাহায্য করার জন্য উপলব্ধ রয়েছে।"

স্টেট সিনেটর মিশেল হিনচে বলেন, "নিউ ইয়র্ক সহচর প্রাণী মূলধন তহবিল অসংখ্য স্থানীয় প্রাণীদের আশ্রয়কেন্দ্রকে প্রয়োজনীয় সুবিধাগুলির আপগ্রেডগুলি করতে সাহায্য করেছে যাতে তাদের পরিচর্যার অধীনে থাকা প্রাণীরা তাদের চিরকালের ঘর খুঁজে পাওয়ার জন্য অপেক্ষা করার সময় নিরাপদে এবং সুখে বসবাস করতে পারে। স্টেটের বাজেটে এই কর্মসূচিকে সহায়তা করতে পেরে আমি সর্বদা গর্বিত, এবং আমাদের স্টেটের আশ্রয়কেন্দ্রগুলোতে এই অনুদান তহবিলের আরেক দফা প্রসারিত করার জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।"

অ্যাসেম্বলির সদস্যা ডোনা লুপার্ডো বলেন, "আমি খুব কৃতজ্ঞ যে আশ্রয়কেন্দ্রগুলোকে অত্যন্ত প্রয়োজনীয় উন্নতিগুলি করতে সহায়তা করার জন্য সহচর প্রাণী মূলধন তহবিল উপলব্ধ আছে। এই তহবিলগুলি সংস্থাগুলিকে দত্তকের জন্য অপেক্ষা করা প্রাণীদের জন্য সর্বোচ্চ মানের পরিচর্যা প্রদানের অনুমতি দেবে। আমি গভর্নর এবং আমার সহকর্মীদের এই গুরুত্বপূর্ণ প্রচেষ্টাকে সহায়তা করা অব্যাহত রাখার জন্য ধন্যবাদ জানাতে চাই। আমি প্রত্যক্ষভাবে দেখেছি যে এই তহবিলগুলো কতটা ভালোভাবে ব্যবহার করা হয়েছে এবং এই সংস্থানগুলো কতটা প্রয়োজনীয় তা জানি।"

প্রাণী শিল্পের কৃষি এবং বাজার বিভাগ টেকসই প্রাণীদের জন্য উৎপাদন কৃষি এবং প্রাণীদের উৎপত্তির খাদ্য সরবরাহের নিরাপত্তার প্রচার করে। এই লক্ষ্যগুলি সরকারী এবং বেসরকারী উভয় এজেন্সির সাথে নিয়ন্ত্রক এবং সহযোগিতামূলক শিক্ষামূলক প্রচেষ্টার মাধ্যমে সম্পন্ন করা হয়। বিভাগটির অ্যালবেনিতে কর্মীরা উপস্থিত রয়েছেন এবং রাজ্য জুড়ে পশুচিকিৎসকরা রয়েছেন। অন্যান্য অনেক দায়িত্বের পাশাপাশি, বিভাগ কুকুরের লাইসেন্সিং নিয়ন্ত্রণ করে, বাজেয়াপ্ত করা কুকুরের মানবিক পরিচর্যার জন্য মান নির্ধারণ করে এবং পৌরসভার আশ্রয়কেন্দ্রগুলির পরিদর্শন করে, নিউ ইয়র্ক স্টেট প্রাণীদের জনসংখ্যার নিয়ন্ত্রণ প্রোগ্রাম (New York State Animal Population Control Program) এবং পোষ্য বিক্রেতা পরিদর্শনের প্রোগ্রামের (Pet Dealer Inspection Program) চুক্তি পরিচালনা করে এবং প্রাণীদের কল্যাণের ক্ষেত্রে স্থানীয় প্রয়োগকারী কর্মকর্তাদের প্রশিক্ষণ ও সহায়তা প্রদান করে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন